



দেশের ভেতরে পোস্টাল ভোটের কার্যক্রম শুরু: ইসি সচিব



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন দেশের অভ্যন্তরে পোস্টাল ব্যালটে ভোট দিতে নিবন্ধিত ভোটারদের কাছে ব্যালট পেপার পাঠানো শুরু করেছে। সোমবার (২৬ জানুয়ারি) নির্বাচন ভবনে সাংবাদিকদের এ তথ্য জানান ইসি সচিব আখতার আহমেদ।

তিনি বলেন, জাতীয় নির্বাচন ও গণভোটের ফলাফল এবার একসঙ্গে ঘোষণা করা হবে। ইতোমধ্যে নিবন্ধন সম্পন্ন করা ভোটারদের ঠিকানায় আজ থেকেই ব্যালট পাঠানো হচ্ছে।

এই তালিকায় রয়েছেন নির্বাচনী দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং কারাগারে থাকা বন্দীরা।

ইসি সচিব জানান, ব্যালট পাওয়ার পর দ্রুত ভোট প্রদান করে তা ফেরত পাঠাতে হবে। ভোটের দিন বিকেল সাড়ে ৪টার মধ্যে রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে ব্যালট পৌঁছাতে না পারলে সেই ভোট গণনায় ধরা হবে না। অভ্যন্তরীণ পোস্টাল ব্যালটে প্রতীকের পাশাপাশি প্রার্থীর নামও উল্লেখ থাকবে।

LENS ASIA